# 📖 হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ উমরাহ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

মক্কায় দর্শণীয় স্থান

- আপনার ট্রাভেল এজেন্সি মক্কায় একদিনের যিয়ারাহ ট্যুরের ব্যবস্থা করতে পারেন এবং আপনাদের সকলকে একত্রে বাস ভাড়া করে মক্কার কাছাকাছি ঐতিহাসিক স্থানগুলোতে এবং মিনা, আরাফাহ, জামারাত ও মুযদালিফা এলাকায় নিয়ে যেতে পারেন।
- আপনি অবশ্যই এ ট্যুরটি উপভোগ করবেন। মক্কার চারদিকে ঘুরে দেখার এটাই আপনার সুযোগ। আপনি একটা বিষয় লক্ষ্য করবেন যে, মক্কার যমযম টাওয়ার অনেক দূর থেকেও দেখা যায়। আপনি যমযম টাওয়ার দেখলেই বুঝতে পারবেন যে মসজিদুল হারাম থেকে কত দূরে ও কোন দিকে আছেন। মক্কায় আপনি বেশ কিছু পাহাড় ও সুড়ঙ্গ সড়ক দেখতে পাবেন।
- কিছু যিয়ারাতের স্থান খুব কাছে, ইচ্ছা করলে পায়ে হেঁটেই দেখে আসতে পারেন। তবে পরামর্শ হলো একা কোথাও যাবেন না এবং কয়েকদিন মক্কায় থাকার পর যিয়ারাতের স্থানগুলো ভ্রমণ করবেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্মস্থান, জিন মসজিদ, মু'আল্লা কবরস্থান পায়ে হেঁটেই দেখে আসতে পারবেন।
- ফজরের সালাতের পর লক্ষ্য করবেন কিছু মাইক্রোবাস অথবা প্রাইভেট কার ড্রাইভার 'যিয়ারাহ, যিয়ারাহ' বলে ডাকবে। তারা আপনাকে কিছু স্থান ঘুরে দেখাবে। সবচেয়ে ভালো হয় ছোট ছোট দল করে ঘুরতে বের হওয়া, কারণ ড্রাইভার প্রতি ব্যক্তির জন্য ১০/২০ সৌদি রিয়াল ভাড়া দাবি করে থাকেন। এসব স্থান ভ্রমণ করার সময় অবশ্যই আপনার হজ পরিচয়পত্র ও হোটেলের ঠিকানা সঙ্গে রাখুন। অনেকসময় রাস্তায় পুলিশ আপনার হজের পরিচয়পত্র চেক করতে পারেন।
- জাবালে রহমত বলে কোনো কোনো মানুষ বলে থাকে; বস্তুত তা জাবালে আরাফা: আরাফার ময়দানের এই পাহাড়ের পাদদেশে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সন্ধা পর্যন্ত অবস্থান করেছিলেন।
- খাইফ মসজিদ: মিনায় অবস্থিত। জামারাত এর খুব কাছে অবস্থিত।
- নামিরা মসজিদ: আরাফায় অবস্থিত। মসজিদের কিছু অংশ আরাফার সীমানার বাইরে অবস্থিত। বাকী অংশ আরাফায় অবস্থিত। রাসূল এখানে বিখ্যাত আরাফার ভাষণ দিয়েছিলেন। বর্তমানেও ইমামরা তাই এখানে খুৎবা দেন।
- জাবালে সাওর: এ পাহাড়ের গুহায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা থেকে মদীনা হিজরত করার সময় আশ্রয় নিয়েছিলেন ও লুকিয়ে ছিলেন।
- জিন্ন মসজিদ: মসজিদুল হারামের নিকটে অবস্থিত। মু'আল্লা কবরস্থানের পাশে অবস্থিত।
- মু'আল্লা কবরস্থান: মক্কার ঐতিহাসিক কবরস্থান। খাদিজার কবর আছে এখানে।

- কিসওয়াহ ফ্যাক্টরী: কাবার গিলাফ তৈরীর কারখানা। পুরাতন জেদ্দা রোডে অবস্থিত।
- মক্কা ইসলামী যাদুঘর: কাবার গিলাফ তৈরির কারখানার পাশে অবস্থিত। পুরাতন জেদ্দা রোডে অবস্থিত।
- বিল্লাল মসজিদ: আবু কুবাইস পাহাড়ের উপর অবস্থিত।
- আবু কুবাইস পাহাড়

Source — https://www.hadithbd.com/books/link/?id=6530

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন